রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, আগস্ট ৩১, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ/৩১ আগস্ট, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও নং ৩২৪-আইন/আয়কর-০৫/২০২৬।**—আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের ধারা ১৬৩ এর উপ-ধারা (৬) এর সারণির ক্রমিক নং ৪ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত করদাতার শ্রেণির জন্য প্রযোজ্য টার্নওভার করের হার নিম্নবর্ণিতরূপে পুনর্নির্ধারণ করিল, যথা:—

| | | |
|---|---|---|
| অন্যান্য ক্ষেত্রে | গ্রস প্রাপ্তি ২ (দুই) কোটি টাকা পর্যন্ত | গ্রস প্রাপ্তির ০% (শূন্য শতাংশ) |
| | গ্রস প্রাপ্তি ২ (দুই) কোটি টাকার অধিক তবে ৪(চার) কোটি টাকার অধিক নহে | গ্রস প্রাপ্তির ০.৫০% (শূন্য দশমিক পাঁচ শূন্য শতাংশ) |
| | গ্রস প্রাপ্তি ৪(চার) কোটি টাকার অধিক | গ্রস প্রাপ্তির ১% (এক শতাংশ) |

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আহসান হাবিব**
ভারপ্রাপ্ত সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ও
ভারপ্রাপ্ত চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



**মূল্য :** টাকা ৪.০০